দৈনিক জনকণ্ঠ

তারিখ 01 OCT 1996

পৃষ্ঠা ... কলাম ...

### উপাচার্যের দায়িত্বভার গ্রহণ

# শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ বজায় রাখতে সকলের সাহায্য চাই ॥ আজাদ চৌধুরী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক আবুল কালাম আজাদ চৌধুরী সোমবার উপাচার্যের দায়িত্বভার গ্রহণ করেছেন। অস্থায়ী উপাচার্য অধ্যাপক শহীদউদ্দিন আহমেদ সকাল ১০টায় আনুষ্ঠানিকভাবে এ দায়িত্ব হস্তান্তর করেন। উপাচার্য কার্যালয়ে আয়োজিত দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডীন, প্রক্টর, হলসমূহের প্রভোস্ট, শিক্ষক সমিতির কর্মকর্তাগণ, বিভাগীয় চেয়ারম্যানগণ, শিক্ষক, অফিসার ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। তবে এ সময় উপাচার্য প্যানেলে নির্বাচিত অপর দুই শিক্ষক অধ্যাপক এটিএম জহুরুল হক ও অধ্যাপক শাহাদাত আলী উপস্থিত ছিলেন না।

আনুষ্ঠানিকভাবে দায়িত্বপ্রাপ্তির পর নবনিযুক্ত উপাচার্য তাঁর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য পদে সমাসীন হয়ে আমার উপলব্ধি মিশ্র। দেশের শ্রেষ্ঠ বিদ্যাপীঠের নেতৃত্ব দেয়ার সুযোগ পাওয়া নিঃসন্দেহে আনন্দের ও গৌরবের। তিনি বলেন, একই সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের ২৫ হাজার ছাত্রছাত্রীসহ ৫০ হাজার লোকের অভিভাবকের দায়িত্ব পালন করা নিঃসন্দেহে দুরূহ কাজ। আমি কতটুকু সফল হব তা ভবিষ্যতই জানে। অধ্যাপক চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে দলমত নির্বিশেষে সকল মহলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

নতুন উপাচার্যকে স্বাগত জানিয়ে এ সময় বক্তব্য রাখেন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ মোস্তফা চৌধুরী, আইন অনুষদের ডীন অধ্যাপক এম এরশাদুল বারী, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ অ.আ.স.ম আরেফিন সিদ্দিক, ফার্মেসি বিভাগের অধ্যাপক ডঃ নুরুন নাহার রহমান, অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ সিরাজুল ইসলাম খান, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি একেএম রুহুল আমিন আকন্দ, কর্মচারী সমিতির সহ-সভাপতি শফিউর রহমান পান্না, কারিগরি সমিতির সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান ও ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সদস্য তোফাজ্জল হোসেন।

বিকালে নবনিযুক্ত উপাচার্য কেন্দ্রীয় শহীদ মিনার, ধানমন্ডি ৩২ নম্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ও জাতীয় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করেন। জাতির জনকের প্রতিকৃতিকে পুষ্পমাল্য অর্পণের পর এক মিনিট নীরবতা পালন করা হয়।

নবনিযুক্ত উপাচার্যকে অভিনন্দন জানিয়ে জাতীয়তাবাদী ছাত্রদল, জাতীয় ছাত্রলীগ ও বাংলাদেশ যুব ফেডারেশন বিবৃতি প্রদান করেছে।

## ছাত্রনেতাদের সাথে বৈঠক

ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক আবুল কালাম আজাদ চৌধুরী বলেছেন, এ বিশ্ববিদ্যালয়ে কোন অছাত্র ও সন্ত্রাসীকে থাকতে দেয়া হবে না। তিনি বলেন, পূর্বের দশ দফা সমঝোতা স্মারক অক্ষরে অক্ষরে মেনে চলা হবে। ছাত্রনেতাদের সাথে প্রথম বৈঠকে উপাচার্য এ কথা বলেন। উপাচার্য বলেন, এ পদে অধিষ্ঠিত থাকার শেষ দিন পর্যন্ত নিরপেক্ষ থাকার চেষ্টা করব। ইতোমধ্যে আমি আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্যপদ থেকে অব্যাহতি নিয়েছি। তিনি দৃঢ়তার সাথে বলেন, এ বিশ্ববিদ্যালয়কে একবিংশ শতাব্দীর উপযোগী করে গড়ে তোলা হবে। সন্ত্রাস ও সেশনজট নিরসনে তিনি ছাত্র সংগঠনগুলোর সহযোগিতা কামনা করেন।

সন্ধ্যায় উপাচার্যের বাসভবনে অনুষ্ঠিত এ বৈঠকে ছাত্র নেতাদের মধ্যে এনামুল হক শামীম, ইসহাক আলী খান পান্না, হাবিবুন্নবী সোহেল, এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন, সুজিত রায় নন্দী, আসলাম খান, নুরুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।